

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৭৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - বাগান ও জমিনের বর্গা (পরম্পর সেচকার্য করা ও ভাগে কৃষিকাজ, বর্গাচাষ করা)

بَابُ الْمُسَاقَةِ وَالْمُزَارَعَةِ

আরবী

وَعَنْهُ قَالَ: كُنَّا نَخْبَرُ وَلَا نَرَى بِذَلِكَ بِأَسَّا حَتَّى زَعَمَ رَافِعُ ابْنِ خَدِيجٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنْهَا فَتَرَكْنَاهَا مِنْ أَجْلِ ذَلِكَ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২৯৭৩-[২] উক্ত [ইবনু 'উমার (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, আমরা বর্গার লেনদেন করতাম, আর তাতে কোনো প্রকার আপত্তি আছে বলে জানতাম না, যতক্ষণ পর্যন্ত না রাফি' ইবনু খদীজ বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা নিষেধ করেছেন। অতঃপর তার কারণে আমরা তা পরিত্যাগ করলাম। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫৪৭, ইবনু মাজাহ ২৪৫০, আহমাদ ৪৫৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা : মুহাম্মাদ বিন হাসান, মালিকী মতের অনুসারী একদল এবং অন্যান্যগণ বলেন, স্বর্ণ এবং রৌপ্যের বিনিময়ে, জমিতে উৎপাদিত ফল ও ফসলের এক-চতুর্থাংশের বিনিময়ে এবং এছাড়াও অন্যান্যের বিনিময়ে বর্গা দেয়া বৈধ। আর এটাই প্রণিধানযোগ্য পচন্দনীয় মত। শাফিঁজ্য এবং তার অনুসারীরা স্বর্ণ, রৌপ্য ও অন্যান্যের বিনিময়ে *إِجَارَة* (ইজারত) বা ভাড়া দেয়া বৈধ হওয়ার ব্যাপারে রাফি' বিন খদীজ ও সাবিত বিন যহুক-এর স্পষ্ট বর্ণনার প্রতি নির্ভর করেছে। আর নিষেধাজ্ঞার হাদীসগুলোকে দু'টি ব্যাখ্যায় ব্যাখ্যা করেছে, দু'টির একটি হলো জমি ভাড়া দেয়ার ক্ষেত্রে পানি প্রবাহের নিকটবর্তী অংশের শস্য, অথবা জমিনের একটি নির্দিষ্ট অংশের শস্য অথবা উৎপাদিত ফসলের এক-তৃতীয়াংশ, এক-চতুর্থাংশ এবং অনুরূপ নির্ধারণ করা অবৈধ। দ্বিতীয়তঃ নিষেধাজ্ঞার হাদীসসমূহ দ্বারা বর্গা দেয়া অপচন্দনীয় বলে মন্তব্য করেছেন এবং বিনিময় ব্যতীত জমি চাষ করতে দেয়াকে মুস্তাহাব বলেছেন। হাদীসসমূহের মাঝে সমন্বয় সাধন করতে এ দু'টি ব্যাখ্যা অথবা দু'টির যে কোনো

একটি ব্যাখ্যা আবশ্যিক। বুখারী এবং অন্যান্যগণ এ দ্বিতীয় ব্যাখ্যাটির দিকে ইঙ্গিত করেছেন এবং ইবনু 'আবরাস হতে এ অর্থ বর্ণনা করেছেন। আর আল্লাহ সর্বাধিক ভালো জনেন। (শারহে মুসলিম ৯/১০ম খন্দ, হাঃ ১৫৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68300>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন